

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সমবায় অধিদপ্তর
বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা
www.coop.khulnadiv.gov.bd

“বঙ্গবন্ধুর দর্শন, সমবায় উন্নয়ন”

নম্বর: ৪৭.৬১.০০০০.২৬১.৩৩.২৪৪.১২.৮০

৩০ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৪ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

যেহেতু, মাগুরা জেলাধীন আল আমিন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, নিবন্ধন নং-১৯/মাগুরা, তারিখ-১২/০৯/২০১১, ১ম সংশোধনী-০১/মাগুরা, তারিখ-২৯/০৫/২০১২ ও ২য় সংশোধনী- ১৫/খুলনা, তারিখ-০৭/০৮/২০১২ এর কার্যক্রম দীর্ঘদিন যাবৎ বন্ধ রয়েছে;

যেহেতু, উক্ত কারণে জেলা সমবায় অফিসার, মাগুরার বিগত ০৩/০৪/২০২৩ তারিখের ৪৭.৬১.৫৫০০.০০০.০৬.০১৬.২০.৩৩৭ নং স্মারকে বর্ণিত সমিতির নিবন্ধন বাতিলের সুপারিশ করা হয়েছে এবং এ কার্যালয়ের বিগত ১৫/০৫/২০২৩ তারিখের ৪৭.৬১.০০০০.২৬১.৩৯.০৩২.৯৫.১৭১ নং স্মারকে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন-২০০২ ও ২০১৩) এর ধারা ৫৩(ঙ) মোতাবেক কেন সমিতিটির নিবন্ধন সরাসরি বাতিল করা হবে না মর্মে ০৫/০৬/২০২৩ তারিখের মধ্যে তার জবাব দাখিলের জন্য সমিতির সভাপতি ও সম্পাদক বরাবর নিবন্ধিত ঠিকানায় কারণ দর্শানো নোটিশ জারী করা হয়;

যেহেতু, সমিতির কোন অফিসের অস্তিত্ব নেই, সভাপতি ও সম্পাদকের ঠিকানা খুঁজে না পাওয়ায় কারণ দর্শানো নোটিশটি বিলি করা যায়নি মর্মে উপজেলা সমবায় অফিসার, মাগুরা সদর, মাগুরার বিগত ২৯/৫/২০২৩ তারিখের ৪৭.৬১.৫৫৫৭.০০০.২৮.০০১.২০২৪৪ নং স্মারক পত্রে অবহিত করা হয়েছে;

যেহেতু, সমিতিটির কর্মএলাকা একাধিক জেলাব্যাপী হওয়ায় জেলা সমবায় অফিসার, সাতক্ষীরা, মেহেরপুর ও কুষ্টিয়ায় সমিতির কোন আর্থিক লেনদেন নেই মর্মে এ কার্যালয়কে অবহিত করা হয়েছে এবং

সেহেতু, সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন-২০০২ ও ২০১৩) এর ধারা ৫৩(ঙ) এর অর্পিত ক্ষমতা বলে উল্লিখিত সমিতির নিবন্ধন আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

১৪-০৩-২০২৪

মো. মিজানুর রহমান

বিভাগীয় মুদ্রা-নিবন্ধক

০২-৪৭৭৭০১৯৮১

jr.khulna@coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.২৬১.৩৩.২৪৪.১২.৮০/১ (৬)

৩০ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৪ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জনাব মোঃ বাবুল আক্তার, সভাপতি, আল আমিন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, ভায়না মোড়, মাগুরা সদর, মাগুরা;
- ২। জনাব মোঃ দেলোয়ার হোসেন, সম্পাদক, আল আমিন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, ভায়না মোড়, মাগুরা সদর, মাগুরা;
- ৩। মোঃ সাজেদুল ইসলাম, পরিদর্শক, অডিট, আইন ও সমিতি শাখা, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা (ঠাঁকে বর্ণিত আদেশটি ওয়েবপোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো);
- ৪। উপজেলা সমবায় অফিসার, মাগুরা সদর, মাগুরা;
- ৫। জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা সমবায় অফিস, জেলা সমবায় অফিস, মাগুরা এবং
- ৬। জেলা সমবায় কর্মকর্তা সকল (খুলনা বিভাগ)।



Farhana Afroz

১৪-০৩-২০২৪

ফারহানা আফরোজ

উপনিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা)